প্রথম বর্ষ বিবিএ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯

C- ইউনিট

ব্যবসায় প্রশাসন অনুষদ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, বাংলাদেশ

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ বিবিএ শ্রেণীতে ভর্তির নিমিত্তে গত **০৫/১১/২০১৮ইং** তারিখে অনুষ্ঠিত **C- ইউনিটের** ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA-এর সমন্বয়ে মেধা ও অপেক্ষমান তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হলো। **উল্লেখ্য, কোর ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরীক্ষার্থীদের বৃহত্তর স্বার্থের কথা বিবেচনায় নিয়ে শুধুমাত্র বানিজ্য শাখার জন্য OMR-এর ধারাবাহিকতা ও প্রশ্নপত্রের ধারাবাহিকতা অনুযায়ী পৃথকভাবে মূল্যায়ন করে সর্বোচ্চ নম্বর প্রাপ্তকে বিবেচনা করে ফলাফল প্রণয়ন করা হয়। ভর্তি বিজ্ঞপ্তির শর্ত মোতাবেক (ইংরেজী=১২, লিখিত=০৭ ও পাস নম্বর=৩২) প্রয়োজনীয় সংখ্যক উত্তীর্ণ প্রার্থী না পাওয়ায় পর্যায়ক্রমিকভাবে শর্ত শিথিল করে মেধা তালিকা ও অপেক্ষমান মেধা তালিকা প্রণয়ন করা হয়।** পূর্ণাঙ্গ ফলাফল (মেধা এবং অপেক্ষমান) অনুষদীয় নোটিশ বোর্ড এবং **www.iu.ac.bd** অথবা **www.iubd.info** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশাবলী ঃ

১. মেধা তালিকার জন্য ঃ

মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের **১৯/১১/২০১৮ইং থেকে ২৩/১১/২০১৮ইং** তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রদত্ত বিভাগসমূহের পছন্দক্রম (Department Choice Form) ও ভর্তির আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে এবং ১ কপি প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে। Department Choice Form ও ভর্তির আবেদন ফরম পূরণ না করলে কোন ভর্তি প্রার্থীকে বিভাগ মনোনয়ন দেয়া হবে না।

ক) শুধুমাত্র মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী **২৫/১১/২০১৮ ও ২৬/১১/২০১৮ ইং** তারিখ সকাল **১০:০০** টায় ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ-এর কার্যালয়ে প্রিন্টকৃত Department Choice Form ও ভর্তির আবেদন ফরমসহ সাক্ষাৎকারে উপস্থিত হয়ে ভর্তির অনুমতি পত্র সংগ্রহ করতে হবে এবং ভর্তি প্রার্থীকে অবশ্যই **০৫/১২/২০১৮ইং** তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, **০৫/১২/২০১৮ইং** তারিখের পর কোনক্রমেই মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণ ভর্তির সুযোগ পাবে না।

খ) মেধা তালিকা থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা শুধুমাত্র অত্র অনুষদের মধ্যে বিভাগ পরিবর্তনে আগ্রহী তাদেরকে আগামী **০৫/১২/২০১৮ইং** তারিখের মধ্যে ইউনিট কর্তৃক সরবরাহকৃত ফরম পূরণ করে ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ-এর কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদেরকে **০৮/১২/২০১৮ইং** তারিখের পর মোবাইলে SMS-এর মাধ্যমে তার প্রাপ্ত বিভাগের নাম জানানো হবে। যারা বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদের ০৯/১২/২০১৮ থেকে ১২/১২/২০১৮ ইং তারিখের মধ্যে পরিবর্তিত বিভাগের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২. অপেক্ষমান তালিকার জন্য ঃ

মেধা তালিকা থেকে ভর্তি সম্পন্ন হওয়ার পর আসন খালি থাকা সাপেক্ষে শূন্য আসনসমূহের জন্য অপেক্ষমান তালিকায় মেধাক্রম অনুসারে ভর্তির সুযোগ পাবে । তবে অপেক্ষমান তালিকার ভর্তি প্রার্থীগণকে আগামী **১৫/১২/২০১৮ইং থেকে ১৬/১২/২০১৮ইং** তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রদত্ত বিভাগসমূহের পছন্দক্রম (Department Choice Form) ও ভর্তির আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে এবং ১ কপি প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে।

ক) শুধুমাত্র অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের আগামী **১৭/১২/২০১৮ ইং** তারিখ সকাল **১০:০০** টায় ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদঃ এর কার্যালয়ে প্রিন্টকৃত Department Choice Form ও ভর্তির আবেদন ফরমসহ সাক্ষাৎকারে উপস্থিত হয়ে ভর্তির অনুমতি পত্র সংগ্রহ করতে হবে এবং ভর্তি প্রার্থীকে অবশ্যই **২৩/১২/২০১৮ইং** তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লেখ্য, ২৩/**১২/২০১৮ইং** তারিখের পর কোনক্রমেই অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণ ভর্তির সুযোগ পাবে না।

খ) অপেক্ষমান তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা শুধুমাত্র অত্র অনুষদের মধ্যে বিভাগ পরিবর্তনে আগ্রহী তাদেরকে আগামী **২৩/১২/২০১৮ইং** তারিখের মধ্যে ইউনিট কর্তৃক সরবরাহকৃত ফরম পূরণ করে ডীন, ব্যবসায় প্রশাসন অনুষদ-এর কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য, যে সকল ছাত্র-ছাত্রী বিভাগ পরিবর্তনের সুযোগ পাবে তাদেরকে **২৫/১২/২০১৮ইং** তারিখের পর মোবাইলে SMS-এর মাধ্যমে তার প্রাপ্ত বিভাগের নাম জানানো হবে।

গ) পুনরায় আসন খালি থাকা সাপেক্ষে ইতোপূর্বে অনুমোদিত ভর্তি প্রার্থীগণের **পরের মেধাক্রম** অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণকে ভর্তির সুযোগ দেয়া হবে। তবে তাদেরকে আগামী **২৬/১২/২০১৮ইং** তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রদত্ত বিভাসমূহের পছন্দক্রম (Department Choice Form) ও ভর্তির আবেদন ফরম পূরণ করে Submit করতে হবে এবং ১ কপি প্রিন্ট করে নিজের কাছে রাখতে হবে। আগামী **২৭/১২/২০১৮ ইং** তারিখে সাক্ষাৎকারে উপস্থিত হয়ে ভর্তির অনুমতিপত্র সংগ্রহ করে অবশ্যই **৩১/১২/২০১৮ইং** তারিখের মধ্যে ভর্তির যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। **৩১/১২/২০১৮ইং** তারিখের পর তারা তালিকায় স্থানপ্রাপ্ত থাকলেও ভর্তির সুযোগ পাবে না।

বিশেষ দ্রষ্টব্য ঃ ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকারের সময় উপস্থাপন করতে হবে ঃ

ক) ভর্তি পরীক্ষা কেন্দ্রে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
খ) এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমান পরীক্ষার প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড।
গ) এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমান পরীক্ষার মূল সার্টিফিকেট / প্রশংসা পত্র।
ঘ) এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমান পরীক্ষার মূল নম্বর পত্র।
ঙ) সদ্য তোলা ০৮ (আট) কপি পাসপোর্ট সাইজের ছবি।

ভর্তি ফিসসমূহ ঃ সেশন ফিস (কেন্দ্রীয়) ৬,০৫০/=, বিভাগ উন্নয়ন (সংশ্লিষ্ট বিভাগে) ৩,০০০/=, সংশ্লিষ্ট হল ফিস ৯১৫/=, বাস ভাড়া (বাৎসরিক) ২,২০০/=, ডীন অফিস ২৫০/= ও বিভাগ পরিবর্তন (কেন্দ্রীয়) ফিস ৩০০/= (প্রয়োজনে)

৩. আগামী ১৫/০১/২০১৯ইং তারিখ থেকে প্রথম বর্ষ বিবিএ ২০১৮-২০১৯ এর ক্লাস শুরু হবে।

০৫/১২/১৮

প্রফেসর ড. কাজী আখতার হোসেন
সমন্বয়কারী **"C"** ইউনিট
প্রথম বর্ষ বিবিএ ভর্তি পরীক্ষা ২০১৮-২০১৯
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, বাংলাদেশ।